গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
প্রশাসন বিভাগ

একাডেমীর নভেম্বর/২০২১ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | খলিল আহমদ<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব) |
| সভার তারিখ | ০৯ ডিসেম্বর, ২০২১ খ্রি. |
| সভার সময় | বিকাল ০৩:৩০ ঘটিকা |
| স্থান | আইডব্লিউএম হোস্টেল- এর সম্মলন কক্ষ। |
| উপস্থিতি | উপস্থিতির তালিকা "পরিশিষ্ট-ক" সংযুক্ত |

২.০ সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি কার্যপত্রের আলোচ্য বিষয় উপস্থাপনের অনুরোধ জানান। গত ০৯ নভেম্বর, ২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত অক্টোবর, ২০২১ মাসের সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতিসহ অন্যান্য আলোচ্য বিষয়সমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

৩.০ বিগত ০৯ নভেম্বর, ২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত অক্টোবর, ২০২১ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধনী না থাকায় সভায় উক্ত কার্যবিবরণী অনুমোদনপূর্বক দৃঢ়ীকরণ করা হয়। একাডেমীর সমন্বয় সভায় উপস্থিত সদস্যগণ একাডেমীর সার্বিক কার্যক্রমের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্র নং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ১. | একাডেমীর ওয়েবসাইট হালনাগাদকরণ | (ক) একাডেমীর ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে।<br>(খ) একাডেমীর উদ্ভাবনী কর্মের ব্রিফসহ চলমান উন্নয়ন কার্যক্রম/প্রশিক্ষণ/ গবেষণা কর্মের উপর ছোট ছোট ভিডিও ক্লিপ প্রস্তুত করে তা ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br>(গ) একাডেমীর চলমান উন্নয়ন প্রকল্পের আপডেট তথ্য সংক্ষিপ্ত বিবরণ (ব্রিফ) ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br>(ঘ) একাডেমীর সকল সাবেক মহাপরিচালকদের ছবিসহ সংক্ষিপ্ত পরিচিতি এবং একাডেমীতে কর্মকালীন উল্লেখযোগ্য কর্মকান্ডের সংক্ষিপ্ত তথ্য ওয়েবসাইটে আপলোড করতে হবে। এছাড়াও একাডেমীর সাবেক সকল কর্মকর্তা/কর্মচারীদের ছবিসহ সংক্ষিপ্ত পরিচিতি (কর্মকাল ও সর্বশেষ পদবীসহ) ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br>(ঙ) একাডেমীর পরিচালকদের অনার বোর্ড তৈরি করতে হবে।<br>(চ) একাডেমীর সংক্ষিপ্ত ভিডিও-ক্লিপ প্রস্তুত করতে হবে। | পরিচালক (প্রকল্প পরিকল্পনা ও পরিবীক্ষণ)/সকল প্রকল্প পরিচালক/মিডিয়াসেল/ পরিচালক (প্রশাসন)/সংশ্লিষ্ট সকল |
| ২. | গ্রামকে দারিদ্র্যমুক্ত করার মডেল উদ্ভাবন | (ক) পাঁচ গ্রামকে অন্তর্ভুক্ত করে দারিদ্র্যমুক্ত মডেল গ্রামের উপরে একটি পূর্ণাঙ্গ প্রকল্প প্রস্তাবনা (ডিপিপি) প্রণয়ন করে জরুরি ভিত্তিতে মহাপরিচালকের নিকট দাখিল করতে হবে।<br>(খ) নির্বাচিত গ্রামের গুরুত্বপূর্ণ রাস্তা মেরামতের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানিয়ে আগামী **২৫ ডিসেম্বর, ২০২১ খ্রি.** তারিখের মধ্যে আবশ্যিকভাবে পত্র প্রেরণ করতে হবে।<br>(গ) দারিদ্র্যমুক্ত মডেল গ্রামে সম্পদ বিতরণের নীতিমালা প্রণয়ন করে আগামী **২৫ ডিসেম্বর, ২০২১ খ্রি.** তারিখের মধ্যে আবশ্যিকভাবে মহাপরিচালকের নিকট দাখিল করতে হবে | পরিচালক (গবেষণা ও মূল্যায়ন)/পরিচালক (প্রকল্প পরিকল্পনা ও পরিবীক্ষণ) |
| ৩. | বোর্ড সভার সিদ্ধান্ত বাস্তবায়ন এবং ৪৯তম বোর্ড সভার আয়োজন | (ক) ৪৯তম বোর্ড সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ (প্রযোজ্য ক্ষেত্রে) বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন **ডিসেম্বর/২০২১** মাসের সমন্বয় সভায় মহাপরিচালকের নিকট দাখিল করতে হবে। | সকল পরিচালক/সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ |
| ৪. | একাডেমীতে “বঙ্গবন্ধু চেয়ার” স্থাপন। | (ক) মুজিববর্ষ পালনের কর্মসূচি হিসেবে একাডেমীতে “বঙ্গবন্ধু চেয়ার” স্থাপনের জন্য নীতিমালা প্রস্তুতপূর্বক অনুমোদনের জন্য এবং সার্চ কমিটি গঠনের প্রস্তাব করে প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ে বিভিন্ন দপ্তর সংস্থার উপস্থিতিতে সচিব মহোদয়ের সভাপতিত্বে সভা হয়েছে। উক্ত সভায় “বঙ্গবন্ধু চেয়ার” স্থাপনের নীতিমালা চূড়ান্তকরণের জন্য বঙ্গবন্ধু ট্রাস্টি বোর্ডে প্রেরণের সিদ্ধান্ত হয়েছে। | “বঙ্গবন্ধু চেয়ার” স্থাপন সংক্রান্ত কমিটি |

| | | | |
|---|---|---|---|
| ৫. | একাডেমীর গবেষণা কার্যক্রম | (ক) আরডিএ কর্তৃক সফলভাবে পরিচালিত গবেষণায় প্রাপ্ত ফলাফল মিডিয়াতে নিয়মিতভাবে প্রচারের লক্ষ্যে একজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করতে হবে।<br>(খ) আরডিএ, বার্ড ও বাপার্ড কর্তৃক পরিচালতি গবেষণায় প্রাপ্ত ফলাফলের মধ্যে যেগুলো প্রয়োগযোগ্য সেগুলো সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক যাতে বাস্তবায়ন করতে পারে সেলক্ষ্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক একটি সম্মেলন/কর্মশালা আয়োজনের জন্য **আগামী ৩০ ডিসেম্বর, ২০২১ খ্রি.** তারিখের মধ্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে। | পরিচালক (গবেষণা ও মূল্যায়ন) |
| | | (গ) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের উদ্যোগে বার্ড এবং আরডিএ’র অভিন্ন ও যুগোপযোগী গবেষণা নীতিমালা প্রণয়নপূর্বক মতামতের জন্য অর্থ বিভাগে প্রেরণের লক্ষ্যে একাডেমী কর্তৃক একটি গবষেণা নীতিমালা প্রস্তুতপূর্বক জরুরি ভিত্তিতে মহাপরিচালকের নিকট দাখিল করতে হব। | ড. শেখ মেহদী মোহাম্মদ পরিচালক (খামার প্রযুক্তি, সেচ ও পানিসম্পদ ব্যবস্থাপনা) |
| | | (ঘ) চলমান গবেষণাসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করার লক্ষ্যমাত্রা নিয়ে কাজ করতে হবে। চলমান গবেষণা ব্যতিত যে সকল গবেষণাকর্মের প্রকাশনা ছাপানো হয়নি সে সকল গবেষণা’র প্রকৃত অবস্থা পর্যালোচনা করে প্রতিবেদন প্রদানের জন্য নিম্নরুপ কমিটি গঠন করা হলোঃ<br>(১) ড. আব্দুল্লাহ আল মামুন, পরিচালক (সামাজিক বিজ্ঞান)- সভাপতি<br>(২) ড. মোঃ নুরুল আমিন, পরিচালক (পল্লী প্রশাসন ও জেন্ডার)- সদস্য<br>(৩) জনাব মোঃ খালিদ আওরংগজেব, পরিচালক (প্রশাসন), চলতি দায়িত্ব- সদস্য<br>(৪) জনাব মোঃ মিজানুর রহমান, পরিচালক (গবেষণা ও মূল্যায়ন)- সদস্য সচিব<br>(ঙ) সায়েন্টিফিক রিসার্চের ক্ষেত্রে BRRI, BARI, BAU থেকে বিশেষজ্ঞ গবেষকদের একাডেমীর গবেষণা কাজের সাথে সংযুক্ত করা যেতে পারে।<br>(চ) সোসাল সাইন্স বিষয়ক গবেষণার ক্ষেত্রে BIDS থেকে বিশেষজ্ঞ গবেষকদের একাডেমীর গবেষণা কাজের সাথে সংযুক্ত করা যেতে পারে। | সংশ্লিষ্ট কমিটি |
| | | (ছ) রিসার্চ মেথডোলজির উপর গবেষকদের একটি প্রশিক্ষণ কোর্স এবং তথ্য সংগ্রহের উপর রিসার্চ ইনভেস্টিগেটরদের একটি প্রশিক্ষণ কোর্সের আয়োজন করতে হবে। | ড. মোহাম্মদ মুনসুর রহমান, পরিচালক |
| | | | |

| | | | |
|---|---|---|---|
| ৬. | সফল উদ্যোক্তা বিষয়ে ডকুমেন্টরি প্রকাশ করা | (ক) আরডিএ পরিচালিত বিভিন্ন প্রায়োগিক গবেষণা, পিজিডিআরডি প্রোগ্রাম ও প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের মাধ্যমে সফল উদ্যোক্তা হিসেবে প্রতিষ্ঠিত ব্যক্তিবর্গের সফলতা সংক্রান্ত গবেষণা প্রতিবেদন **আগামী ১৫ (পনের)** দিনের মধ্যে আবশ্যিকভাবে মহাপরিচালকের নিকট দাখিল করতে হবে। প্রতিবেদনটি ছাপানোর ব্যয় একাডেমীর গবেষণা খাত থেকে নির্বাহ করা হবে। | ড. মোঃ আব্দুল মজিদ প্রামানিক, যুগ্মপরিচালক/ মোছাঃ রেবেকা সুলতানা, উপপরিচালক |
| ৭. | একাডেমীর প্রশিক্ষণ কার্যক্রম | (ক) একাডেমী কর্তৃক পরিচালিত প্রশিক্ষণের গুণগতমান আন্তর্জাতিক মানের করার প্রয়াসে সাফল্যজনকভাবে দারিদ্র্য বিমোচনকারী দেশগুলো থেকে পল্লী উন্নয়ন বিষয়ক ধারণা পাওয়ার জন্য একটি আন্তর্জাতিক সেমিনার আগামী জানুয়ারি, ২০২২ মাসের মধ্যে আয়োজন করতে হবে।<br>(খ) ২০২১-২০২২ অর্থবছরের জন্য একটি প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রণয়নপূর্বক **ডিসেম্বর/২০২১** মাসের মধ্যে আবশ্যিকভাবে মুদ্রণ/ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br>(গ) একাডেমী কর্তৃক আয়োজিত বুনিয়াদি প্রশিক্ষণসমূহ যাতে মানসম্পন্ন হয় তা নিশ্চিতকরণসহ গ্রামের সাধারণ মানুষের চাহিদাভিত্তিক বিভিন্ন ট্রেডের প্রশিক্ষণ আয়োজনের পাশাপাশি কৃষি যন্ত্রপাতির ব্যবহার ও মেরামত বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে হবে। তাছাড়া একাডেমীর নিজস্ব অর্থায়নে পরিচালিত প্রশিক্ষণের মেয়াদ বৃদ্ধিপূর্বক বিএমইটি/কারিগরি শিক্ষা অধিদপ্তর এর সাথে যৌথ সনদের ব্যবস্থা গ্রহণ বিষয়ক কার্যক্রমের অগ্রগতি **আগামী ৩০ ডিসেম্বর, ২০২১ খ্রি.** তারিখের মধ্যে মহাপরিচালককে অবহিত করতে হবে।<br>(ঘ) ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট অথরিটি (এনএসডিএ) এর সাথে একাডেমীর বিভিন্ন প্রশিক্ষণে প্রদানকৃত সনদপত্রের অথেনটিকেশন ও এ্যাক্রিডিটেশন গ্রহণের অগ্রগতি প্রতিবেদন **আগামী ৩০ ডিসেম্বর, ২০২১ খ্রি.** তারিখের মধ্যে মহাপরিচালককে অবহিত করতে হবে।<br>(ঙ) ব্যক্তি ও প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে নির্দিষ্ট কয়েকটি বিষয়ে প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করতে হবে এবং এ লক্ষ্যে প্রশিক্ষণ মডিউল প্রস্তুতপূর্বক ব্রোশিউর তৈরি করে **আগামী ৩০ ডিসেম্বর, ২০২১ খ্রি.** তারিখের মধ্যে মহাপরিচালকের নিকট দাখিল করতে হবে। | পরিচালক (প্রশিক্ষণ) |
| ৮. | **একাডেমীর প্রায়োগিক গবেষণার (চলমান উন্নয়ন প্রকল্প) অগ্রগতি পর্যালোচনা** | | |

| | | | |
|---|---|---|---|
| | ক) পানি সাশ্রয়ী আধুনিক প্রযুক্তির সম্প্রসারণ ও বিস্তার এবং ব্যবস্থাপনার মাধ্যমে ফসলের উৎপাদন বৃদ্ধি শীর্ষক প্রায়োগিক গবেষণা প্রকল্প | (ক) প্রকল্পের মাধ্যমে ক্রয়কৃত মালামাল একাডেমী কীভাবে ব্যবহার করতে পারে সে বিষয়ে নীতিমালা প্রণয়নপূর্বক **আগামী ১৫ জানুয়ারি, ২০২২ খ্রি.** তারিখের মধ্যে মহাপরিচালকের নিকট দাখিল করতে হবে। | প্রকল্প পরিচালক/ পরিচালক (প্রকল্প পরিকল্পনা ও পরিবীক্ষণ) |
| | খ) পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), রংপুর স্থাপন শীর্ষক প্রকল্প (১ম সংশোধিত) | (ক) প্রকল্প পরিচালক নিয়মিত প্রকল্প এলাকা পরিদর্শন করবেন।<br>(খ) প্রকল্প পরিচালক প্রকল্পের কাজের গুণগতমান এবং পরিমাণ নিশ্চিত করবেন।<br>(গ) ডিপিপি/আরডিপিপি বহির্ভূত কোন কাজ করা যাবে না।<br>(ঘ) টেন্ডার সিডিউলভুক্ত আইটেমের ক্ষেত্রে সিডিউল বহির্ভূত কোন নির্মাণ সামগ্রী/উপকরণ ব্যবহার করা যাবে না।<br>(ঙ) প্রকল্পের পিআইসি এবং পিএসসি সভা নিয়মিতভাবে আয়োজন করতে হবে।<br>(চ) স্বল্প সময়ের মধ্যে একাডেমী উদ্বোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক/ পরিচালক (প্রকল্প পরিকল্পনা ও পরিবীক্ষণ) |
| | গ) জামালপুরে পল্লী উন্নয়ন একাডেমী প্রতিষ্ঠাকরণ শীর্ষক প্রকল্প (১ম সংশোধিত) | (ক) প্রকল্প পরিচালক নিয়মিত প্রকল্প এলাকা পরিদর্শন করবেন।<br>(খ) প্রকল্প পরিচালক প্রকল্পের কাজের গুণগতমান এবং পরিমাণ নিশ্চিত করবেন।<br>(গ) ডিপিপি/আরডিপিপি বহির্ভূত কোন কাজ করা যাবে না।<br>(ঘ) টেন্ডার সিডিউলভূক্ত আইটেমের ক্ষেত্রে সিডিউল বহির্ভূত কোন নির্মাণ সামগ্রী/উপকরণ ব্যবহার করা যাবে না।<br>(ঙ) প্রকল্পের পিআইসি এবং পিএসসি সভা নিয়মিতভাবে আয়োজন করতে হবে।<br>(চ) স্বল্প সময়ের মধ্যে একাডেমী উদ্বোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক/ পরিচালক (প্রকল্প পরিকল্পনা ও পরিবীক্ষণ) |
| | ঘ) বগুড়া জেলার সারিয়াকান্দি ও সোনাতলা উপজেলার চর এলাকায় বসবাসরত দরিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন শীর্ষক (LIP) প্রকল্প | (ক) প্রকল্পের সার্বিক কার্যক্রম একাডেমীর কর্মকর্তাগণের দ্বারা পরিদর্শন করানো হবে।<br>(খ) প্রকল্পটি সংশ্লিষ্ট এলাকায় বাস্তবায়নের ফলে জন জীবনে কী ধরণের আর্থ-সামাজিক প্রভাব পড়েছে তার উপর একটি সামাজিক গবেষণা পরিচালনা করে দ্রুততম সময়ের মধ্যে মহাপরিচালক বরাবর প্রতিবেদন দাখিল করতে হবে। | প্রকল্প পরিচালক/ পরিচালক (প্রকল্প পরিকল্পনা ও পরিবীক্ষণ) |

| | | | |
|---|---|---|---|
| | ঙ) সৌর শক্তি নির্ভর সেচ পদ্ধতি ও এর বহুমুখী ব্যবহারের মাধ্যমে দ্বি-স্তর কৃষি প্রযুক্তি সম্প্রসারণ" শীর্ষক প্রায়োগিক গবেষণা প্রকল্প | (ক) ডিপিপি অনুযায়ী উপ-প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>(খ) প্রকল্পের পিআইসি এবং পিএসসি সভা নিয়মিতভাবে আয়োজন করতে হবে।<br>(গ) দারিদ্র্যমুক্ত মডেল গ্রামসমূহে এই উপ-প্রকল্প গ্রহণ করা যায় কি না সে বিষয়টি প্রকল্প পরিচালক যাচাই করে **আগামী ৩০ ডিসেম্বর, ২০২১ খ্রি.** তারিখের মধ্যে মহাপরিচালককে অবহিত করবেন।<br>(ঘ) প্রকল্পের আওতায় বিতরণকৃত ঋণের কিস্তি আদায় চলমান রাখতে হবে। | প্রকল্প পরিচালক/ পরিচালক (প্রকল্প পরিকল্পনা ও পরিবীক্ষণ) |
| | চ) কুড়িগ্রাম ও জামালপুর জেলার প্রান্তিক জনগোষ্ঠীর দারিদ্র্য হ্রাসকরণ শীর্ষক প্রকল্প | (ক) ডিপিপি'তে উল্লেখিত কৃষি প্রক্রিয়াজাতকরণের বিষয়ে পূর্ত কাজের দরপত্র আহবান, সফটওয়্যার ক্রয়, গরু বিতরণ, ষাড় গরু ক্রয় ও গবেষণা কার্যক্রম যথাসময়ে সমাপ্ত করতে হবে।<br>(খ) প্রকল্পের পিআইসি এবং পিএসসি সভা নিয়মিতভাবে আয়োজন করতে হবে।<br>(গ) ডিপিপি'র সংস্থান মোতাবেক গবেষণা পরিচালনা ও গবেষণা প্রতিবেদন প্রকাশ করতে হবে। | প্রকল্প পরিচালক/ পরিচালক (প্রকল্প পরিকল্পনা ও পরিবীক্ষণ)/ সংশ্লিষ্ট কমিটি |
| | (ছ) গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন এবং আধুনিক নাগরিক সুযোগ সুবিধা সম্বলিত সমবায়ভিত্তিক বহুতল ভবন বিশিষ্ট পল্লী জনপদ নির্মাণপ্রকল্প। | (ক) প্রকল্প পরিচালক ঢাকা, রাজশাহী এবং রংপুর বিভাগের উপ-প্রকল্প এলাকা (গোপালগঞ্জের কোটালীপাড়া, বগুড়ার জামালপুর এবং রংপুরের তারাগঞ্জ) নিয়মিত পরিদর্শন করবেন এবং কাজের বিস্তারিত অগ্রগতি মহাপরিচালককে অবহিত করবেন।<br>(খ) আবেদনকারীর নিকট ফ্ল্যাট বরাদ্দের পূর্বে সংশ্লিষ্ট নীতিমালাসমূহ প্রণয়নপূর্বক **আগামী ১৫ জানুয়ারি, ২০২২ খ্রি.** তারিখের মধ্যে মহাপরিচালকের নিকট দাখিল করতে হবে। | প্রকল্প পরিচালক/ পরিচালক (প্রকল্প পরিকল্পনা ও পরিবীক্ষণ) |
| ৯. | অডিট আপত্তি নিষ্পত্তিকরণ | (ক) একাডেমীর ৪৯টি অনিষ্পন্ন অডিট আপত্তি (রাজস্ব ও প্রকল্প) রয়েছে তারমধ্যে ০৯টি আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে গত ০৮/১২/২০২১ খ্রি. তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং অডিট অধিদপ্তরের সাথে ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। অবশিষ্ট আপত্তিগুলি নিষ্পত্তির জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং অডিট অধিদপ্তরের সাথে ত্রিপক্ষীয় সভার বিষয়ে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>(খ) অনিষ্পন্ন সকল অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে এক মাসের মধ্যে অডিট অধিদপ্তরের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করাসহ সকল ধরণের পদক্ষেপ গ্রহণ করতে হবে। প্রকল্পসমূহের অডিট আপত্তির বিষয়ে প্রকল্প পরিচালকগণ অডিট অধিদপ্তরের সাথে নিয়মিতভাবে যোগাযোগ করবেন। | পরিচালক (প্রশাসন)/সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক/ ফোকাল পারসন/ হিসাব রক্ষণ কর্মকর্তা। |

| | | | |
|---|---|---|---|
| ১০. | এপিএ/ জিআরএস/ এনআইএস | (ক) ২০২১-২২অর্থবছরের এপিএ/জিআরএস/এনআইএস এর প্রতি কোয়ার্টারের লক্ষ্যমাত্রা ১০০% অর্জন নিশ্চিত করতে হবে।<br>(খ) এপিএ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে নিয়মিতভাবে এপিএ টিমের সভা অনুষ্ঠান করতে হবে।<br>(গ)এপিএ/জিআরএস/এনআইএস এর হালনাগাদ অগ্রগতির তথ্যওয়েবসাইটে আপলোড করতে হবে।<br>(ঘ) এপিএ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে এপিএ কার্যক্রমসমূহ টাস্ক ম্যানেজমেন্টে অন্তর্ভূক্ত করতে করবেন **জনাব অসীম কুমার সরকার, উপপরিচালক।** | এপিএ/জিআরএস/ এনআইএস সংক্রান্ত টীম লিডার/ফোকাল পয়েন্ট। |
| ১১. | রিট মামলা/কনটেম্পট মামলা। | (ক) রিট ও কনটেম্পট মামলা সমূহের মধ্যে ৪২৪/১৯ নং রিট মামলার জবাব ইতোমধ্যে দাখিল করা হয়েছে। অবশিষ্ট মামলাসমূহের জবাব প্রস্তুত করা হয়েছে যা অবিলম্বে দাখিল করা হবে। এ বিষয়ে নিয়োজিত বিজ্ঞ আইনজীবীর সাথে নিয়মিত যোগাযোগ রাখতে হবে।<br>(খ) কনটেম্পট/রিট মামলার শুনানীর তারিখ ধার্য হলে ফোকাল পয়েন্ট ড. মোঃ আব্দুল মজিদ প্রামানিক, যুগ্মপরিচালক ধার্য তারিখের পূর্বেই মহাপরিচালককে বিষয়টি অবহিত করবেন এবং ধার্য তারিখে আদালতে একাডেমী’র পক্ষে একজন কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করবেন। বিষয়টি পরিচালক (প্রশাসন) নিবিড়ভাবে পরিবীক্ষণ করবেন। | পরিচালক (প্রশাসন)/ ড. মোঃ আব্দুল মজিদ প্রামানিক, যুগ্মপরিচালক |
| ১২. | শূন্য পদে জনবল নিয়োগ ও পদোন্নতি প্রদান | (ক) একাডেমী’র প্রথম শ্রেণির শূন্য পদে (সহকারী পরিচালক ও মেডিকেল অফিসার) নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। এছাড়াও ছাড়পত্রপ্রাপ্ত ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির শূন্য পদে জনবল নিয়োগের চলমান কার্যক্রম আগামী ৩১ ডিসেম্বর, ২০২১ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে এবং শূন্য পদে পদোন্নতি প্রদানের কার্যক্রম গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ১৩. | বিদ্যমান অর্গানোগ্রাম ও প্রবিধানমালা সংশোধন | (ক) একাডেমীর বিদ্যমান অর্গানোগ্রাম ও প্রবিধানমালা সংশোধনের প্রস্তাবনা তৈরীর লক্ষ্যে গঠিত কমিটি কর্তৃক অর্গানোগ্রাম ও প্রবিধানমালা সংশোধনের প্রস্তাবনা তৈরীর কাজ দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে। | সংশ্লিষ্ট সকল/ পরিচালক (প্রশাসন) |

| | | | |
|---|---|---|---|
| ১৪. | সেন্টারসমূহের কার্যক্রম পর্যালোচনা | (ক) প্রতিটি সেন্টারের কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ৫ তারিখের মধ্যে মহাপরিচালকের নিকট দাখিলের নির্দেশনা থাকলেও সকল সেন্টার থেকে নিয়মিত এ প্রতিবেদন পাওয়া না যাওয়ায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। সকল সেন্টারের অগ্রগতি প্রতিবেদন (আর্থিক আয়-ব্যয়ের হিসাবসহ) প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে মহাপরিচালকের নিকট আবশ্যকিভাবে দাখিল করতে হবে।<br>(খ) প্রশাসনিক মন্ত্রণালয় থেকে একটি কমিটি গঠন করে সেন্টারগুলোর নীতিমালাসমূহ পর্যালোচনার লক্ষ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | পরিচালক (প্রশাসন)/ সেন্টার পরিচালক (সকল) |
| ১৫. | একাডেমী প্রদর্শনী খামারের কাজের অগ্রগতি পর্যালোচনা | (ক) প্রদর্শনী খামারের সকল ইউনিটের ইনচার্জগণ নিবিড়ভাবে ইউনিটের কার্যক্রম পরিবীক্ষণ করবেন।<br>(খ) প্রদর্শনী খামারের সকল ইউনিটের প্রতি মাসের আয় ব্যয়ের হিসাব বিবরণী **পরবর্তী মাসের ০৫ তারিখের** মধ্যে মহাপরিচালকের নিকট আবশ্যিকভাবে দাখিল করতে হবে।<br>(গ) ইউনিটগুলোর পরিচালনার খসড়া নীতিমালা প্রস্তুতপূর্বক **আগামী জানুয়ারি/২০২২** মাসের মধ্যে মহাপরিচালকের নিকট আবশ্যিকভাবে দাখিল করতে হবে। | পরিচালক(কৃষি বিজ্ঞান) |
| ১৬. | জার্নাল ও অন্যান্য প্রকাশনা | (ক) আরডিএ জার্নাল নিয়মিত প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) একাডেমীর গবেষণা প্রতিবেদন দ্রুত মূদ্রণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) উপদেষ্টা পরিষদের সদস্যদের পত্র প্রেরণ করা। | সংশ্লিষ্ট কমিটি/ ড. মোঃ আব্দুল কাদের, উপপরিচালক |
| ১৭. | একাডেমীর মেইনগেট নির্মাণ | (ক) একাডেমীর মেইনগেটসহ অন্যান্য নির্মাণ কাজ **দ্রুত** সম্পন্ন করতে হবে। | প্রকৌশল শাখা ইনচার্জ/সহকারী প্রকৌশলী |
| ১৮. | ইকো ট্যুরিজম | (ক) বর্তমানে আরডিএ'তে বিদ্যমান ইকো-ট্যুরিজমের কম্পোনেন্টসমূহ দর্শণার্থীদের নিকট উপস্থাপনযোগ্য এবং নতুন কম্পোনেন্ট যুক্তকরণের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>(খ) একাডেমীর অভ্যন্তরে কৃষি ফার্মভিত্তিক ট্যুরিজম বাস্তবায়ন করতে হবে।<br>(গ) কৃষি পণ্য বিপননের জন্য আউটলেট তৈরী করতে হবে। | পরিচালক (কৃষি বিজ্ঞান)/ পরিচালক (গবেষণা ও মূল্যায়ন)/ জনাব মাকছুদ আলম খান, ভারপ্রাপ্ত পরিচালক |
| ১৯. | কৃষি মিউজিয়াম | প্রদর্শনীর জন্য কৃষি মিউজিয়াম তৈরি করতে হবে। | ড. মোঃ মুনসুর রহমান, পরিচালক/ড. সমীর কুমার সরকার, পরিচালক/মোঃ ফেরদৌস হোসেন খান, পরিচালক/মাকছুদ আলম খান, ভারপ্রাপ্ত পরিচালক |

৪.০ টাস্ক ম্যানেজমেন্ট এ্যাপের মাধ্যমে প্রদানকৃত দায়িত্ব সম্পন্নকরণের মাত্রার উপর কর্মদক্ষতা মূল্যায়ন করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৫.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

খলিল আহমদ
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

স্মারক নম্বর: ৪৭.৬৪.১০৮৮.০১৪.০৬.০৫০.২০.৬২২

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৮
১৩ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (সকল)............................................................,পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
২) প্রকল্প পরিচালক (সকল)....................................................,পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
৩) পরিচালক (সকল সেন্টার) ....................................................,পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
৪) যুগ্মপরিচালক (সকল)........................................................,পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
৫) উপপরিচালক (সকল)........................................................,পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
৬) অধ্যক্ষ, আরডিএ ল্যাবঃ স্কুল এন্ড কলেজ, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
৭) হিসাব রক্ষণ কর্মকর্তা, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
৮) সহকারী পরিচালক (সকল)................................................,পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
৯) সহকারী প্রকৌশলী, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।

(মোঃ খালিদ আওরঙ্গজেব)
পরিচালক (প্রশাসন) (চলতি দায়িত্ব)